সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

বিষয়ঃ বাংলাদেশ সচিবালয়ের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে কর্মরত গেজেটেড ৯ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ের আইসিটি জনবলকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে একক প্রশাসনে আনয়ন ও পদোন্নতির ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক জানানো যাচ্ছে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সোনার বাংলা হিসেবে গড়ে তোলার স্বপ্নকে বাস্তব করে তুলতে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৮ সালে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের ঘোষণা দেন এবং ২০২১ সালের মধ্যে সেই লক্ষ্য পূরণ করেন। এবার মাননীয় প্রধানমন্ত্রী ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার ঘোষণা দিয়েছেন। স্মার্ট বাংলাদেশ এবং চতুর্থ শিল্প বিপ্লব এর ০৪টি মূল ভিত্তির প্রতিটিই আইসিটি কেন্দ্রিক। সাশ্রয়ী, টেকসই, জ্ঞানভিত্তিক, বুদ্ধিদীপ্ত, উদ্ভাবনী সরকারের বিভিন্ন সেবা আইসিটি এর মাধ্যমে প্রয়োগ করে যে স্মার্ট বাংলাদেশ সরকার গঠিত হবে তার কেন্দ্রবিন্দু বাংলাদেশ সচিবালয়। সরকারের এই ব্যাপক আইসিটি কর্মযজ্ঞের মন্ত্রণালয়ভিত্তিক পরিকল্পনা প্রনয়ন, গাইডলাইন প্রস্তুত এবং সে অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিতকরনে বাংলাদেশ সচিবালয়ের আইসিটি কর্মকর্তাগণকে উপযুক্ত হিসাবে গড়ে তোলার বিকল্প নেই। মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশের ভিশনসমূহ বাস্তবায়ন, বিভিন্ন ডিজিটাল স্থাপনাসহ কানেক্টিভিটি ও সেবাসমূহের আধুনিকায়ন, টেকসই রূপদান এবং সার্বক্ষণিক রক্ষণাবেক্ষণের জন্য সরকারের সুসংগঠিত একক প্রশাসনিক নিয়ন্ত্রণাধীণ দক্ষ আইসিটি জনবল প্রয়োজন। **উল্লেখ্য যে, রুলস অব বিজনেস ১৯৯৬ (এপ্রিল ২০১৭ পর্যন্ত সংশোধিত) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের কার্যপরিধির ২৮নং ক্রমিক (পাতা-২৭) অনুযায়ী বাংলাদেশ সচিবালয়ে কর্মরত জাতীয় পে-স্কেলের গ্রেড ১ হতে ৯ এর সকল কর্মকর্তার নিয়োগ এবং আন্তঃমন্ত্রণালয় বদলী জনপ্রশাসন মন্ত্রণালয়ের এখতিয়ারভুক্ত (সংলাগ-১)**। সে প্রেক্ষিতে, পেশাগত প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ, দক্ষতাবৃদ্ধি, সুনির্দিষ্ট কর্মবন্টন এবং পদোন্নতি/পদায়নের লক্ষ্যে বাংলাদেশ সচিবালয় আইসিটি অফিসার্স এসোসিয়েশনের পক্ষ থেকে নিম্নোক্ত প্রস্তাব উপস্থাপন করা হলো:

**ক) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ-এ কর্মরত গেজেটেড ৯ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ের আইসিটি জনবলকে একক প্রশাসনিক নিয়ন্ত্রণে আনয়ন ও সুনির্দিষ্ট কর্মবন্টন প্রণয়ন;**

**খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় মন্ত্রণালয়/বিভাগ-এ কর্মরত গেজেটেড ৯ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ের আইসিটি জনবলের জ্যেষ্ঠতার তালিকা প্রণয়ন, পদোন্নতি ও পদায়নের ব্যবস্থা গ্রহণ;**

**গ) একক প্রশাসনিক নিয়ন্ত্রণে আনয়নের পূর্বে সকল মন্ত্রণালয়/বিভাগ-এর আইসিটি'র উচ্চতর পদে (৬ষ্ঠ গ্রেড বা তদূর্ধ্ব) সরাসরি নিয়োগ বন্ধকরণের ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত প্রস্তাবের স্বপক্ষে যুক্তিসংগত প্রমাণাদি নিম্নরূপ:

১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ এর কর্মপরিকল্পনার ১.১.৫ নং ক্রমিকে পদোন্নতিযোগ্য আইসিটি জনবল কাঠামো তৈরিকরণ সংক্রান্ত দায়িত্ব জনপ্রশাসন মন্ত্রণালয়কে প্রদান করা হয়েছে (সংলাগ-২) এবং

২) বাংলাদেশ সচিবালয়ের আইসিটি জনবল ব্যতিত সকল ক্যাটাগরির জনবলের জন্য জ্যেষ্ঠতা তালিকার ভিত্তিতে পদোন্নতির ব্যবস্থা রয়েছে। সম্প্রতি বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রণালয়/বিভাগ-এ সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তাদের জ্যেষ্ঠতার তালিকা প্রস্তুত ও পদোন্নতির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে (সংলাগ-৩)।

এমতাবস্থায়, উপর্যুক্ত প্রস্তাবসমূহ দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করছি ।

নিবেদক

তারিখ: ২৯ জানুয়ারি, ২০২৪

(এস, এম, সহিদ)

সভাপতি

বাংলাদেশ সচিবালয় আইসিটি অফিসার্স এসোসিয়েশন

মোবাইল নং- ০১৭৩০৭৮২৯৫৫

২৯/০১/২৪

Bangladesh Secretariat ICT Officers Association

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

বিষয়ঃ বাংলাদেশ সচিবালয়ের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে কর্মরত গেজেটেড ৯ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ের আইসিটি জনবলকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে একক প্রশাসনে আনয়ন ও পদোন্নতির ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক জানানো যাচ্ছে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সোনার বাংলা হিসেবে গড়ে তোলার স্বপ্নকে বাস্তব করে তুলতে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৮ সালে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের ঘোষণা দেন এবং ২০২১ সালের মধ্যে সেই লক্ষ্য পূরণ করেন। এবার মাননীয় প্রধানমন্ত্রী ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার ঘোষণা দিয়েছেন। স্মার্ট বাংলাদেশ এবং চতুর্থ শিল্প বিপ্লব এর ০৪টি মূল ভিত্তির প্রতিটিই আইসিটি কেন্দ্রিক। সাশ্রয়ী, টেকসই, জ্ঞানভিত্তিক, বুদ্ধিদীপ্ত, উদ্ভাবনী সরকারের বিভিন্ন সেবা আইসিটি এর মাধ্যমে প্রয়োগ করে যে স্মার্ট বাংলাদেশ সরকার গঠিত হবে তার কেন্দ্রবিন্দু বাংলাদেশ সচিবালয়। সরকারের এই ব্যাপক আইসিটি কর্মযজ্ঞের মন্ত্রণালয়ভিত্তিক পরিকল্পনা প্রনয়ন, গাইডলাইন প্রস্তুত এবং সে অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিতকরনে বাংলাদেশ সচিবালয়ের আইসিটি কর্মকর্তাগণকে উপযুক্ত হিসাবে গড়ে তোলার বিকল্প নেই। মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশের ভিশনসমূহ বাস্তবায়ন, বিভিন্ন ডিজিটাল স্থাপনাসহ কানেক্টিভিটি ও সেবাসমূহের আধুনিকায়ন, টেকসই রূপদান এবং সার্বক্ষণিক রক্ষণাবেক্ষণের জন্য সরকারের সুসংগঠিত একক প্রশাসনিক নিয়ন্ত্রণাধীণ দক্ষ আইসিটি জনবল প্রয়োজন। **উল্লেখ্য যে, রুলস অব বিজনেস ১৯৯৬ (এপ্রিল ২০১৭ পর্যন্ত সংশোধিত) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের কার্যপরিধির ২৮নং ক্রমিক (পাতা-২৭) অনুযায়ী বাংলাদেশ সচিবালয়ে কর্মরত জাতীয় পে-স্কেলের গ্রেড ১ হতে ৯ এর সকল কর্মকর্তার নিয়োগ এবং আন্তঃমন্ত্রণালয় বদলী জনপ্রশাসন মন্ত্রণালয়ের এখতিয়ারভুক্ত (সংলাগ-১)।** সে প্রেক্ষিতে, পেশাগত প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ, দক্ষতাবৃদ্ধি, সুনির্দিষ্ট কর্মবন্টন এবং পদোন্নতি/পদায়নের লক্ষ্যে বাংলাদেশ সচিবালয় আইসিটি অফিসার্স এসোসিয়েশনের পক্ষ থেকে নিম্নোক্ত প্রস্তাব উপস্থাপন করা হলো:

**ক) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ-এ কর্মরত গেজেটেড ৯ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ের আইসিটি জনবলকে একক প্রশাসনিক নিয়ন্ত্রণে আনয়ন ও সুনির্দিষ্ট কর্মবন্টন প্রণয়ন;**

**খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় মন্ত্রণালয়/বিভাগ-এ কর্মরত গেজেটেড ৯ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ের আইসিটি জনবলের জ্যেষ্ঠতার তালিকা প্রণয়ন, পদোন্নতি ও পদায়নের ব্যবস্থা গ্রহণ;**

**গ) একক প্রশাসনিক নিয়ন্ত্রণে আনয়নের পূর্বে সকল মন্ত্রণালয়/বিভাগ-এর আইসিটি'র উচ্চতর পদে (৬ষ্ঠ গ্রেড বা তদূর্ধ্ব) সরাসরি নিয়োগ বন্ধকরণের ব্যবস্থা গ্রহণ।**

Recieved

মন্ত্রিপরিষদ বিভাগ ... দপ্তর

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

Flat 8/B, 36/10 Shahalibag, Mirpur 1, Dhaka-1216, Mob: Phone: 0258054836, 01823294586

Bangladesh Secretariat ICT Officers Association

উপর্যুক্ত প্রস্তাবের স্বপক্ষে যুক্তিসংগত প্রমাণাদি নিম্নরূপ:

১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ এর কর্মপরিকল্পনার ১.১.৫ নং ক্রমিকে পদোন্নতিযোগ্য আইসিটি জনবল কাঠামো তৈরিকরণ সংক্রান্ত দায়িত্ব জনপ্রশাসন মন্ত্রণালয়কে প্রদান করা হয়েছে (সংলাগ-২) এবং

২) বাংলাদেশ সচিবালয়ের আইসিটি জনবল ব্যতিত সকল ক্যাটাগরির জনবলের জন্য জ্যেষ্ঠতা তালিকার ভিত্তিতে পদোন্নতির ব্যবস্থা রয়েছে। সম্প্রতি বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রণালয়/বিভাগ-এ সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তাদের জ্যেষ্ঠতার তালিকা প্রস্তুত ও পদোন্নতির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে (সংলাগ-৩)।

এমতাবস্থায়, উপর্যুক্ত প্রস্তাবসমূহ দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করছি ।

তারিখ: ২১ মার্চ, ২০২৪

নিবেদক

২১.০৩.২০২৪

(এস, এম, সহিদ)

সভাপতি

বাংলাদেশ সচিবালয় আইসিটি অফিসার্স এসোসিয়েশন ও
সিস্টেম এনালিস্ট, সড়ক ও মহাসড়ক বিভাগ
মোবাইল নং- ০১৭৩০৭৮২৯৫৫

মন্ত্রিপরিষদ সচিবের দপ্তর ★ মন্ত্রিপরিষদ বিভাগ
তারিখ:

Flat 8/B. 36/10 Shahalibag. Mirpur 1. Dhaka-1216. Mob: Phone: 0258054836. 01823294586

বাংলাদেশ সচিবালয় আইসিটি অফিসার্স এসোসিয়েশন
Bangladesh Secretariat ICT Officer's Association
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
স্থাপিত: ২০২৩খ্রি.
https://www.bsictoa.org/

বরাবর

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০

**বিষয়:** বাংলাদেশ সচিবালয়ের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে কর্মরত আইসিটি কর্মকর্তাগণের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রিয়ভাবে জ্যেষ্ঠতা তালিকা প্রণয়নপূর্বক পদোন্নতি ও পদায়ন প্রসঙ্গে।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমরা বাংলাদেশ সচিবালয়ের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ-এর আইসিটি ইউনিট/সেল/অধিশাখা/শাখা-এ ৯ম গ্রেড এবং তদুর্ধ্ব পর্যায়ে কর্মরত। বাংলাদেশ সচিবালয়ের আইসিটি জনবলের পদোন্নতির ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, সমন্বিত জ্যেষ্ঠতা অনুসরণের সুযোগ না থাকায় কোন কোন মন্ত্রণালয়/বিভাগের আইসিটির শূন্যপদে ফিডার পদধারী কর্মকর্তাগণ পদোন্নতিযোগ্য হওয়ার সাথে সাথে পদোন্নতি পাচ্ছেন অথচ অন্য মন্ত্রণালয়/বিভাগের তার থেকে অনেক জ্যেষ্ঠ কর্মকর্তা পদোন্নতি হতে বঞ্চিত হচ্ছেন।

কোন কোন মন্ত্রণালয়/বিভাগে ৬ষ্ঠ গ্রেড বা তদূর্ধ্ব পদ শূন্য থাকলেও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পদোন্নতিযোগ্য প্রার্থী না থাকায় পদোন্নতি প্রদান করা যাচ্ছে না। যেমন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট (৫ম গ্রেড) ও প্রোগ্রামার (৬ষ্ঠ গ্রেড) পদ দুটি ২০১৭ খ্রি. হতে শূন্য, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সিস্টেম এনালিস্ট (৫ম গ্রেড) পদটি ২০১৭ খ্রি. হতে শূন্য রয়েছে। পদগুলো দীর্ঘদিন শূন্য থাকায় দাপ্তরিক কাজ ব্যাহত হচ্ছে। অপরদিকে কেন্দ্রিয়ভাবে জ্যেষ্ঠতা তালিকা অনুযায়ী পদোন্নতি ও পদায়নের সুযোগ না থাকায় অনেক মন্ত্রণালয়/বিভাগের ফিডার পদভুক্ত আইসিটি কর্মকর্তাগণ পদোন্নতির যোগ্যতা অর্জন করা সত্ত্বেও ১১/১২ বছর বা ততোধিককাল ফিডার পদে চাকরি করেও পদোন্নতির সুযোগ পাচ্ছেন না। যেমন স্থানীয় সরকার বিভাগের সহকারী প্রোগ্রামার ০১/০৭/২০১২ খ্রি. হতে একই পদে কর্মরত রয়েছেন।

এতে জ্যেষ্ঠ কর্মকর্তাগণ পদোন্নতি বঞ্চিত হয়ে চরম ক্ষোভ ও হতাশায় কর্মস্পৃহা হারিয়ে ফেলছেন। এতে দেশও যথাযথ কাঙ্খিত সেবা হতে বঞ্চিত হয়। উক্ত বৈষম্য নিরসনকল্পে বাংলাদেশ সচিবালয়ের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে কর্মরত আইসিটি কর্মকর্তাগণের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রিয়ভাবে জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন এবং তদানুযায়ী পদোন্নতি ও পদায়ন প্রয়োজন।

উল্লেখ্য যে, ১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের Rules of Business,১৯৯৬ (Revised up to ২০১৭) এর Rule ২৮ এ বলা হয়েছে যে, বাংলাদেশ সচিবালয়-এর জাতীয় পে স্কেলের **গ্রেড ১ হতে ৯ এর সকল কর্মকর্তার নিয়োগ এবং আন্তঃমন্ত্রণালয় বদলীর দায়িত্ব জনপ্রশাসন মন্ত্রণালয়ের** (সংযুক্তি-১)। এবং

২) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ এর কর্মপরিকল্পনার ১.১.৫ নং ক্রমিকে **পদোন্নতিযোগ্য আইসিটি জনকাঠামো তৈরিকরণ** সংক্রান্ত দায়িত্ব জনপ্রশাসন মন্ত্রণালয়কে প্রদান করা হয়েছে (সংযুক্তি-২)।

এমতাবস্থায়, বিষয়টি সদয় বিবেচনাপূর্বক বাংলাদেশ সচিবালয়ের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে কর্মরত আইসিটি কর্মকর্তাদের কেন্দ্রিয়ভাবে জ্যেষ্ঠতা তালিকা প্রণয়নপূর্বক পদোন্নতি ও পদায়ন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে মহোদয়ের মর্জি হয়।

স্বপক্ষে সংযুক্তি:

১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের Rules of Business,১৯৯৬;
২) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ এর কর্মপরিকল্পনার ১.১.৫ নং ক্রমিক;
৩) সহকারী হিসাবরক্ষন কর্মকর্তাদের জ্যেষ্ঠতার তালিকা প্রণয়নপূর্বক পদোন্নতি ব্যবস্থা করা হয়েছে;
৪) বাংলাদেশ সচিবালয়ের আইসিটি ৯মগ্রেড ও তদূর্ধ্ব অনুমোদিত পদ ।

নিবেদক

১১.০৯.২০২৪

তারিখ: ১১ সেপ্টেম্বর ২০২৪

জনপ্রশাসন মন্ত্রণালয়

(এস, এম, সহিদ)
সভাপতি
বাংলাদেশ সচিবালয় আইসিটি অফিসার্স এসোসিয়েনস
এবং
সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

## [1][18. MINISTRY OF PUBLIC ADMINISTRATION]

[2][1. Formulation of policy on regulation of civil services and determination of their terms and conditions (policy on method of recruitment, age limit, qualification, reservation of posts for certain areas and sex, medical fitness, examinations, appointment, posting, transfer, deputation, leave, travel, seniority, promotion, selection, suppression, retirement, superannuation, re-employment, appointment on contract, conditions of pensions, determination of status *etc*).

2. Enhancing capacity of the Bangladesh Civil Service to cope with and adapt to an ever-changing environment.

3. Developing and implementing fair, just and transparent Human Resource Management and Development.

4. Securing to all Government servants the rights and privileges conferred on them by or under the Constitution, Law, Rule, Regulation, Statutory Orders in force.

5. Interpretation of rules, regulations and orders on service conditions relating to matters allocated to this Ministry.

6. Policy regarding employment of non-nationals in the service of the Republic and regulation of employment of foreigners in jobs in Bangladeshi enterprises.

7. Honorary appointment of persons to Civil posts.

8. Policy regarding classification of services and posts and determining their status.

9. Determination of status of officers including status when posted in Bangladesh Missions abroad other than officers of the Ministry of Foreign Affairs, grant of ex-officio Secretariat status to non-Secretariat posts.

10. All matters regarding absorption/employment of surplus Government servants.

11. All matters relating to formulation of policies, composition of Cadre Services and advising other Ministries & Divisions on proper management of Cadre Services under their control.

12. Policy regarding recruitment of staff in the Ministry /Division and all matters relating thereto including their duties and responsibilities.

13. First appointment to any posts belonging to any regularly constituted Cadre Service.

14. (a) Administration of B. C. S. (Administration) Cadre.

    (b) First appointment and administration of all other officers and staff of this Ministry.

    (c) Grant of Magisterial Power to other officer.

15. Appointment and transfer of Officers in Upazilas, Zilas and Divisions following existing policies and orders.

---

*Note:* [1]Amended *vide* Cabinet Division's Notification No. 43, Dated 28 April 2011.

[2]Amended *vide* S.R.O. No. 82-Law/2012, Dated 29 March 2012.

16. All matters relating to Recruitment Rules for all Services and Posts under the Republic.
17. Nomination of Government servants to work as experts/consultants in Projects and jobs at home and abroad.
18. Nomination of Government servants in jobs in UN system and into its various agencies as national representative.
19. Administrative Research, Management and Reforms for better and economic execution of Government business.
20. Review and revision of Organogram and Equipment of the public offices.
21. Review of organization, functions, method and procedures of Ministries, Divisions, attached Departments and subordinate Offices.
22. Simplifications of Government Forms.
23. All matter relating to the Secretariat Instructions.
24. Inspection and review of staff position in Ministries, Divisions, Attached Departments and subordinate offices for optimum utilization of manpower.
25. Appointment of Chairman and Managing Director who work as members of the Board of Directors or Governors of Managing Boards by whatever name they are called, of the Corporations, Boards, Authorities, Statutory Bodies *etc.* except Universities, Higher and Secondary Education Boards, Banks and Financing Institutions.
26. Fixation of terms and conditions of all deputationists.
27. Deputation of all officers under administrative control of this Ministry.
28. Appointment of all Officers in the Secretariat at National Pay Scale (NPS) grade 1 to 9 and their interministerial transfer.
29. Appointment and Transfer of Private Secretary and Assistant Private Secretary to Members of the Cabinet, other Ministers and Advisors.
30. All matters relating to Attached Departments & Subordinate Offices and Advisory Bodies of this Ministry, *viz*: (1) BPATC, (2) BCS (Admn.) Academy, (3) Department of Printing and Publications, (4) Government Employees Welfare Directorate, (5) Directorate of Government Transport, (6) Bangladesh Institute of Administration and Management (BIAM).
31. All matters relating to (1) Divisional Commissioner's Office (2) Deputy Commissioner's Office and Upazila Nirbahi Officer's Office in consultation with Cabinet Division.
32. Ensuring high quality pro-people/citizen centric services delivered by Attached Departments & Subordinate Offices of this Ministry.
33. Policy regarding Discipline, Procedure & Enquiry, Appeal & Review and all references thereto.
34. Policy regarding Performance Appraisal, its countersignature, preservation, representation on adverse comments, its use and all references thereto.
35. Policy regarding conduct of the public servants and all references thereto.

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**শনিবার, ডিসেম্বর ১৫, ২০১৮**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**

**(পলিসি শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ/১৫ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৫৬.০০.০০০০.০২৯.২২.৩৭.১৮.১৮২**—তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে একটি স্বচ্ছ, দায়বদ্ধ ও জবাবদিহিমূলক সরকার প্রতিষ্ঠা এবং সরকারি ও বেসরকারি খাতের অংশীদারিত্বে সরকারি সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছানোসহ ২০২১ সালের মধ্যে 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণ এবং ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে জ্ঞানভিত্তিক উন্নত রাষ্ট্রে পরিণত করার লক্ষ্যে সরকার 'জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮' অনুমোদন করেছে। ইহা সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ ফজলুর রহমান**
উপসচিব।



**মূল্য :** টাকা ৭০.০০

**পরিশিষ্ট-১**

## কর্ম-পরিকল্পনা (Action Plan)

**ঃ ডিজিটাল সরকার (Digital Government)**

| ং | করণীয় বিষয় | প্রাথমিক বাস্তবায়নকারী | প্রত্যাশিত ফলাফল | স্বল্প মেয়াদী (২০২১) | মধ্য মেয়াদী (২০৩০) | দীর্ঘ মেয়াদী (২০৪১) |
|---|---|---|---|---|---|---|
| | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| **ত বিষয়বস্তু ১.১ঃ সরকারি তথ্য ও সেবাসমূহ জনগণকে ডিজিটাল পদ্ধতিতে প্রদান নিশ্চিতকরণ** | | | | | | |
| | সকল সরকারি সেবা যে কোনো স্থান হতে সহজে, স্বচ্ছভাবে, কম খরচে, কম সময়ে ডিজিটাল ডিভাইসের মাধ্যমে প্রাপ্তি নিশ্চিতকরণ। | সকল মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/ সংস্থা | স্বল্প ব্যয় ও সময়ে সকল সেবা প্রাপ্তি নিশ্চিত হবে। | ১০০% | √ | √ |
| | ডিজিটাল পদ্ধতিতে সকল সেবা গ্রহণে নাগরিকদের সক্ষমতা উন্নয়ন ও অবহিতকরণে ব্যবস্থা গ্রহণ। | সকল মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/ সংস্থা | নাগরিকগণের সক্ষমতা বৃদ্ধি পাবে। | ৬০% | ৮০% | ১০০% |
| | সকল মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তরের ডিজিটাল সার্ভিস প্রদানের ক্ষেত্রে সার্ভিস চিহ্নিতকরণ, ক্রয়ের ব্যবস্থাকরণ ও বাস্তবায়নের উদ্দেশ্যে প্রতিষ্ঠানের শীর্ষ পর্যায়ের স্থায়ী (যেমন Chief Innovation Officer/ Innovation Officer/ICT Focal Point) কর্মকর্তাকে দায়িত্ব প্রদান। | মন্ত্রিপরিষদ বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়/সকল মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থা | ডিজিটাল সরকার কার্যক্রম দক্ষভাবে বাস্তবায়ন করা যাবে। | ১০০% | √ | √ |

| ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|
| সরকারি প্রতিষ্ঠানে আইসিটি পেশাজীবী দ্বারা আইসিটি সেল স্থাপন। এ সেলের জন্য আইসিটি সংশ্লিষ্ট পদ সৃজন করা । [সরকারি পর্যায়ের সকল আইসিটি সংশ্লিষ্ট পদকে কারিগরি পদ হিসেবে চিহ্নিতকরণ।] | জনপ্রশাসন মন্ত্রণালয় | আইসিটি স্থাপনা পরিচালনা ও কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন হবে। | ১০০% | √ | √ |
| প্রচলিত বেতন-ভাতা ও সুযোগ সুবিধা সহকারে সরকারি পর্যায়ে সকল প্রতিষ্ঠানে পদ সৃজনের ক্ষেত্রে পদোন্নতিযোগ্য আইসিটি জনকাঠামো তৈরিকরণ। | জনপ্রশাসন মন্ত্রণালয় | সরকারি খাতের আইসিটি পেশাজীবীরা উৎসাহিত হবে। সরকারের আইসিটি সক্ষমতা বৃদ্ধি পাবে। | ১০০% | √ | √ |
| সরকারি প্রতিষ্ঠানগুলোতে জনগণের জন্য আইসিটি ভিত্তিক হেল্পডেস্ক স্থাপন। এসব কল সেন্টারের জন্য টেলিযোগাযোগ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক স্বল্প মূল্যে অথবা টোল-ফ্রি নম্বর সুবিধা প্রদান। | মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, এবং সকল মন্ত্রণালয়/বিভাগ | সেবা গ্রহণকারীরা সহজে এবং স্বল্প সময়ে সেবা পাবেন। | ১০০% | √ | √ |
| ডিজিটাল সরকার ব্যবস্থা বাস্তবায়নের ক্ষেত্রে সফটওয়ার ও হার্ডওয়ারের চাহিদা নিরূপণ, আর্থিক ক্রয় পরিকল্পনা তৈরি, সরবরাহ, সরবরাহ পরবর্তী সহায়তার ক্ষেত্রে নির্দিষ্ট মান ও নীতিমালা অনুসরণ। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, আইএমইডি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বিসিসি/এটুআই) | ন্যাশনাল ডিজিটাল-গভর্নেন্স আর্কিটেকচার দক্ষভাবে ব্যবহার নিশ্চিত হবে। | ১০০% | √ | √ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সচিবালয় ও কল্যাণ অধিশাখা
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.১২২.১২.০১০.২৩-১২১ তারিখ: ২৭ বৈশাখ ১৪৩০

১০ মে ২০২৩

**প্রজ্ঞাপন**

'মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮' অনুযায়ী মন্ত্রণালয় ও বিভাগের হিসাব কোষের 'হিসাবরক্ষণ কর্মকর্তা'-এর শূন্যপদে পদোন্নতি ও পদায়ন জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত ও পরিচালিত হবে। এ বিষয়ে সরকারি কর্মচারীদের দাবী-দাওয়া পর্যালোচনা সংক্রান্ত স্থায়ী কমিটির বিগত ১৭/১২/২০২০ তারিখের সভায় সিদ্ধান্ত রয়েছে, এতে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের সম্মতি রয়েছে এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন রয়েছে। উক্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নিম্নরূপ কার্যক্রম গৃহীত হবে:

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ অনুযায়ী 'হিসাবরক্ষণ কর্মকর্তা'-এর ফিডার পদসমূহের সমন্বিত জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন;

(খ) উক্ত জ্যেষ্ঠতা তালিকা অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের 'হিসাবরক্ষণ কর্মকর্তা'-এর শূন্য পদে পদোন্নতির লক্ষ্যে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশ গ্রহণ; এবং

(গ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশের আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে কেন্দ্রীয়ভাবে 'হিসাবরক্ষণ কর্মকর্তা' পদে পদোন্নতির সরকারি আদেশ (জি.ও) জারিপূর্বক পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ-কে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের 'হিসাবরক্ষণ কর্মকর্তা'-এর শূন্যপদে পদায়ন।

২। Rules of Business, 1996 (Revised up to 2017)-এর Rule-10 অনুযায়ী যাবতীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা করা হলো। জারির তারিখ থেকে এ আদেশ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১০-৫-২০২৩


মোঃ আবদুর রউফ মিয়া
যুগ্মসচিব
ফোন: +৮৮-০২-৯৫৪০৬১৮
ইমেইল: info@mopa.gov.bd

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩০
১০ মে ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২) সিনিয়র সচিব/সচিব ---------------------------------------------------সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ।

৩) অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি), জনপ্রশাসন মন্ত্রণালয়।

৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

৭) উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।

৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৯) অফিস কপি/মাস্টার ফাইল।

## বাংলাদেশ সচিবালয়ের ৫৩ মন্ত্রণালয়/বিভাগের আইসিটি জনবলের খসড়া সার-সংক্ষেপ

| পদের নাম (৯ম গ্রেড ও তদূর্ধ, কম্পিউটার পারসোনেল নিয়োগবিধি-২০১৯ অনুযায়ী) | পদের গ্রেড | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | শূণ্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| সিস্টেম ম্যানেজার | ৩য় | ০১ | ০১ | ০০ | |
| সিনিয়র সিস্টেম এনালিস্ট | ৪র্থ | ১২ | ১০ | ০২ | |
| সিনিয়র রক্ষণাবেক্ষণ প্রকৌশলী | ৪র্থ | ০৩ | ০২ | ০১ | |
| সিস্টেম এনালিস্ট | ৫ম | ৫৩ | ৩৮ | ১৫ | |
| সিনিয়র প্রোগ্রামার | ৫ম | ১০ | ০৭ | ০৩ | |
| প্রোগ্রামার | ৬ষ্ঠ | ৫৭ | ৪১ | ১৬ | |
| সহকারী সিস্টেম এনালিস্ট | ৬ষ্ঠ | ০৩ | ০৩ | ০০ | |
| রক্ষণাবেক্ষণ প্রকৌশলী | ৬ষ্ঠ | ০৭ | ০৫ | ০২ | |
| অপারেশন সুপারভাইজার | ৬ষ্ঠ | ০২ | ০২ | ০০ | |
| সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী | ৯ম | ৫৪ | ৩৪ | ২০ | |
| সহকারী প্রোগ্রামার | ৯ম | ৮৪ | ৪৯ | ৩৫ | |
| সিনিয়র কম্পিউটার অপারেটর | ৯ম | ০৪ | ০৪ | ০০ | |
| **৯ম গ্রেড ও তদূর্ধ জনবল** | | **২৯০** | **১৯৬** | **৯৪** | |